আশুগঞ্জ সার কারখানা কলেজ
দ্বাদশ শ্রেণির পরীক্ষা-২০২১
বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র,
নিচের উদ্দীপকগুলো থেকে ৭ টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে
সময়: ২ ঘন্টা ৩০ মিনিট

১।জাকির সাহেবকে প্রতিষ্ঠানের নীতিমালা ও কৌশল প্রণয়ন এবং সিদ্ধান্ত গ্রহণের মত গুরুত্বপূর্ণ কাজ করতে হয়। অন্যদিকে ফোরম্যানকে একই সাথে উৎপাদন ব্যবস্থাপক ও বিক্রয় ব্যবস্থাপকের আদেশ পালন করতে হয়।ফলে তিনি তার দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারেন না, যা প্রতিষ্ঠানকে ক্ষতিগ্রস্থ করছে।

ক) বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে ? ১

খ) ব্যবস্থাপনা সর্বজনীন ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকে জাকির সাহেব ব্যবস্থাপনার কোন স্তরের কর্মকর্তা ? ব্যাখ্যা করো। ৩

ঘ) আদেশের ঐক্য নীতি লঙ্ঘিত হওয়ায় উদ্দীপকের প্রতিষ্ঠানটি ক্ষতিগ্রস্থ হচ্ছে বিশ্লেষণ করো। ৪

২। অতীত ও বর্তমান তথ্য পর্যালোচনা করে মি:সাকিমুরা উপলব্ধি করলেন যে এ বছর তাপমাত্রা বৃদ্ধি পাবে এবং এয়ারকুলার মেশিনের চাহিদা বাড়বে। তাই তিনি এসি মেশিনের উৎপাদন বৃদ্ধির জন্য প্রতিষ্ঠানের সকল স্তারের কর্মীদের সাথে পর্যায়ক্রমে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করলেন। লক্ষ্যার্জনে তিনি কর্মীদের সাথে এমনভাবে মিশলেন যাতে তারা কার্যসম্পাদনে প্রবলভাবে উৎসাহিত হয়।ফলে লক্ষ্যার্জন সফল হয়।

ক)ব্যবস্থাপনার স্তর কয়টি ? ১

খ)হেনরি ফেয়লকে আধুনিক ব্যবস্থাপনার জনক বলা হয় কেন ? ২

গ)উদ্দীপকের মি:সাকিমুরার উপলব্ধিতে ব্যবস্থাপকের কোন গুন পরিলক্ষিত হয় ? ব্যাখ্যা করো। ৩

ঘ)ব্যবস্থাপকের মানবীয় বা আন্ত:ব্যক্তিক দক্ষতা লক্ষ্য পূরণে সহায়ক উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

৩। উৎপাদন ও বিক্রয় বৃদ্ধি সংক্রান্ত নির্দেশনা জারির প্রেক্ষিতে উৎপাদন বিভাগের ব্যবস্থাপক মি:আতেল আরো সতর্কতার সাথে প্রত্যেক কর্মীর কাজ সুনির্দিষ্ট করে দিয়ে তাদের জবাবদিহিতার ব্যবস্থাও করেন। উদ্দীপনা বৃদ্ধির জন্য তার অধীনস্তদের মধ্য থেকে অর্ধেকের জন্য নির্দিষ্ট পরিমানে মোবাইল বিলের ব্যবস্থা করেন। এতে করে বাকি অর্ধেকের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। বিষয়টি উর্ধ্বতন নির্বহীগণ অবগত হলেন এবং তারা ক্ষোভ নিরসণের জন্য উদ্যোগ গ্রহণ করেন।

ক)ব্যবস্থাপনার নীতি কী ? ১

খ)ব্যবস্থাপনা চক্র ব্যাখ্যা করো। ২

গ)উদ্দীপকে হেনরি ফেয়লের কোন নীতি লঙ্ঘনের ফলে প্রতিষ্ঠানটিতে ক্ষোভের সৃষ্টি হয়েছে ?-ব্যাখ্যা করো। ৩

ঘ)মি:আতেল একজন প্রশাসক না ব্যবস্থাপক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। দেশের কল্যান ও উন্নয়নের লক্ষ্যে সরকার পদ্মা সেতু নির্মাণ প্রকল্প গ্রহণ করে। নদীর নাব্যতা ও প্রাকৃতিক কিছু কারণে নির্দিষ্ট মেয়াদে নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার আশঙ্কা দেখা দেয়। ফলে পরিকল্পনায় কিছু গুণগত পরিবর্তন আনতে হয়।

ক) পরিকল্পনা কী ? ১

খ) শিল্প প্রতিষ্ঠানে স্থায়ী পরিকল্পনা গুরুত্বপূর্ণ কেন ? ২

গ) উদ্দীপকের পদ্মা সেতু প্রকৃতিগতভাবে কোন ধরনের পরিকল্পনা ?-ব্যাখ্যা করো। ৩

ঘ) উত্তম পরিকল্পনার যে বৈশিষ্ট্যের কারণে উদ্দীপকের সেতু নির্মাণ কাজ সম্পন্ন হতে চলেছে-তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

৫। ইউনিভার্সেল লি: এর সকল কর্মচারী প্রত্যেকে তার উর্ধ্বতন কর্মকর্তার আদেশ-নির্দেশ পালন করে। আবার উপর থেকে শুরু করে নীচ পর্যন্ত প্রত্যেক বিভাগ,উপ-বিভাগ ও ব্যক্তির কাজ এমনভাবে এক অন্যের সঙ্গে সংযুক্ত,যাতে কোনো কর্মীই এর বাইরে থাকে না। ফলে আদেশ দান ও বাস্তবায়ন সহজ হয় এবং দলীয় প্রচেষ্ট জোরদার হয়।

ক) সংঠন কাকে বলে ? ১

খ) নির্দেশনার ঐক্য প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ কেন ? ২

গ) উদ্দীপকে কোন ধরনের সংগঠনের কথা বলা হয়েছে ?-ব্যাখ্যা করো। ৩

ঘ) যে নীতি উদ্দীপকের প্রতিষ্ঠানে দলীয় প্রচেষ্টাকে জোরদার করে তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৬। যোগ্য কর্মী নিয়োগের উদ্দেশ্যে নেহাল লিঃ জাতীয় দৈনিকে বিজ্ঞাপন দেয়। পরবর্তীতে নবনিযুক্ত কর্মীদের দক্ষ করে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। ফলে প্রতিষ্ঠানে অপচয় কম হয় এবং সহজেই লক্ষ্য অর্জিত হয়।

ক) কর্মী সংস্থান কী ? ১

খ) কর্মী নির্বাচনকে নেতিবাচক বলা হয় কেন ? ২

গ) উদ্দীপকে কর্মী সংগ্রহে কোন উৎস অনুসরণ করা হয় ? ব্যাখ্যা করো। ৩

ঘ) উপযুক্ত প্রশিক্ষণ কার্যক্রম প্রতিষ্ঠানকে ফলপ্রসূ করে-উদ্দীপকের আলোকে এর যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৭। একটি বৃহদায়তন শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক অধস্তনদের আদেশদানের ক্ষমতা ও জবাবদিহিতা নির্দিষ্ট করে দেয়। ফলে সংগঠনে ভুল বুঝাবুঝির সৃষ্টি হয় না। তিনি লক্ষ্য করেন প্রতিষ্ঠানে উৎপাদিত ১০ধরনের পণ্যের মধ্যে ৪টি পণ্যের বাজার ভালো। তাই তিনি সকল পণ্যের বাজার ভালো করার জন্য সংগঠন কাঠামোয় পরিবর্তন আনেন,যেখানে দুধরনের ব্যবস্থাপক একই সঙ্গে কাজ করেন। একজিন কার্যিক ব্যবস্থাপক এবং অন্যজন প্রকল্প ব্যবস্থাপক। উভয়ে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কার্য সম্পাদন করেন।

ক) কমিটি কী ? ১

খ) কার্যভিত্তিক সংগঠন শিল্প প্রতিষ্ঠানের জন্য উপযোগী কেন ? ২

গ) উদ্দীপকের প্রথমে সংগঠনের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে ?- ব্যাখ্যা করো। ৩

ঘ) পরিবর্তিত সংগঠন কাঠামো প্রতিষ্ঠানে সফলতা বয়ে আনবে-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮।জনাব সামিরা ও জনাব নামিরা ভিন্ন ভিন্ন দুইটি প্রতিষ্ঠানের মালিক। সামিরা তার প্রতিষ্ঠানে কোনো পদ শূন্য হলে অপেক্ষাকৃত যোগ্য কর্মীকে পদোন্নতির মাধ্যমে সেই শূন্য পদ পূরণ করে থাকেন।অপরদিকে জনাব নামিরা তার প্রতিষ্ঠানের শূন্য পদ পূরণে পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করে বিপুল সংখ্যাক কর্মীর মধ্য থেকে প্রতিযোগিতার মাধ্যমে যোগ্য কর্মী বাছাই করেন। পরে কর্মীদেরকে সমপর্যায়ের বিভিন্ন পদে বাস্তব কাজ করার মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে অল্প সময়েই তাকে কর্মদক্ষ করে তোলেন।

ক)বিকেন্দ্রীকরণ কাকে বলে ? ১

খ)নাট্যাভিনয়ের মাধ্যমে প্রশিক্ষণ পদ্ধতিটি কেন বেশি গুরুত্বপূর্ণ ? ২

গ)জনাব সামিরা শূন্যপদ পূরণে কোন উৎস থেকে কর্মী সংগ্রহ করেন ? ব্যাখ্যা করো। ৩

ঘ)প্রতিষ্ঠানের লক্ষ্যার্জনে জনাব নামিরার গৃহীত পদক্ষেপের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৯। জারিন লিঃ এর প্রধান নির্বাহী বিভাগীয় প্রধানদের সাথে প্রতিষ্ঠান সংক্রান্ত বিষয় নিয়ে পারস্পরিক মত বিনিময় করেন। তারপর প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।আবার প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক মিঃজিসান উৎপাদন সংক্রান্ত সকল বিষয়ে অধস্তনদের সাথে আলাপ-আলোচনা করে সিদ্ধান্ত নেন। আর সেই সিদ্ধান্ত বাস্তবায়নে সকলেই আন্তরিক থাকে। ফলে উৎপাদন লক্ষ্যমাত্রা খুব সহজেই অর্জিত হয়।

ক) নেতৃত্ব কী ? ১

খ) নির্দেশনাকে প্রশাসনের হৃৎপিন্ড বলা হয় কেন ? ২

গ) উদ্দীপকের প্রধান নির্বাহী কোন ধরনের নির্দেশনা প্রদান করেন ?-ব্যাখ্যা করো। ৩

ঘ) মিঃজিসানের যে নেতৃত্ব উৎপাদন লক্ষ্যমাত্রা পূরণে সহায়ক-উদ্দীপকের আলোকে তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১০। ব্যবস্থাপনা পরিচালক মিসেস রোদেলা উৎপাদন বিভাগের নিয়ন্ত্রণ ব্যবস্থা এমনভাবে আরোপ করেন যা সহজেই বোঝা যায় ও প্রয়োগ করা যায়। উল্লেখ্য বছরের শুরুতে তিনি ৩০%উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা করেন। প্রথম দুই মাসে উৎপাদন আদর্শমানের চেয়ে কম বৃদ্ধি পায়। কিন্তু যথাযথ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরোপের ফলে পরবর্তী মাস সমূহে $2\frac{1}{2}\%$,৩% এবং সর্বশেষ $3\frac{1}{2}\%$ পর্যন্ত উৎপাদন বৃদ্ধি পায়। উৎপাদন তার কাঙ্খিত লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাওয়ায় মিসেস রোদেলা বেশ সন্তুষ্ট।

ক) চউজঞ্ এর পূর্ণরুপ লিখ। ১

খ) নিয়ন্ত্রণ একটা অবিরাম প্রক্রিয়া-ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকে নিয়ন্ত্রণ প্রক্রিয়ায় কোন নীতি অনুসরণ করা হয়েছে ? ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকের প্রতিষ্ঠানে লক্ষ্যার্জনে নিয়ন্ত্রনের যে কৌশল ব্যবহৃত হয়েছে তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১১।ঢুসা লিঃএকটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান।প্রতিষ্ঠানটিতে ২০১৮সালে ১লক্ষ একক পণ্য উৎপাদিত হয়। প্রতি একক পণ্য উৎপাদনে কাচামাল লাগে ১০০০টাকার এবং একক প্রতি মজুরি ২০০টাকা ব্যয় হয়। এক বছরে প্রতিষ্ঠানের বিল্ডিং ভাড়া ২,৫০,০০০টাকা,বিদ্যুৎ বিল ৫০,০০০টাকা। প্রতি একক পণ্যের বিক্রয় মূল্য ২০০০টাকা।

ক) সমচ্ছেদ বিন্দু বা ইউচ কী ? ১

খ) বাজেটীয় নিয়ন্ত্রণ কাকে বলে ? ব্যাখ্যা করো। ২

গ) ঢুসা লিঃ এর ব্রেক ইভেন উৎপাদন (ইউচ) নির্ণয় করো। ৩

ঘ) উদ্দীপকে যে দুই ধরনের ব্যয় রয়েছে তার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪